দৈনিক বাংলা

তারিখ ..0 7. APR. 1993 ..
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# সিলেট পলিটেকনিক বন্ধ ঘোষণা

নিজস্ব সংবাদদাতা : সিলেট, ৬ এপ্রিল।—সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট ১০ দিনের বন্ধ ঘোষণা করা হয়েছে।

আজ ও গতকাল সোমবার পলিটেকনিকের প্রথম বর্ষের দ্বিতীয় সেমিস্টার পরীক্ষায় রেফার্ড পাওয়া একদল ছাত্র তাদের পাস করিয়ে দেবার জন্য কলেজ কর্তৃপক্ষের উপর চাপ সৃষ্টি করে আসছিল।

(শেষ পাতায় ৭-এর কঃ দ্রঃ)

# সিলেট পলিটেকনিক

(প্রথম পাতার পর)

তারা কলেজের অধ্যক্ষের কক্ষে সোমবার হামলা করে। নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে পুলিশ কলেজ ক্যাম্পাসে অবস্থান নেয়।

## মেডিক্যালে তদন্ত কমিটি

সোমবার সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে সৃষ্ট বিরোধ ও সংঘর্ষের আপাতত নিষ্পত্তি ঘটেছে। সোমবারের পরিস্থিতি নিয়ে ব্যাপক আলোচনার পর বিরোধী দুইপক্ষ শান্তি প্রতিষ্ঠা ও বিরোধ মীমাংসায় সম্মত হয়।

সোমবার বিকালে ওসমানী মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে একজন অছাত্র যুবকের পাখি শিকারকে কেন্দ্র করে কলেজ ছাত্র ও স্থানীয় কাজল শাহবাসীর মধ্যে বন্দুক যুদ্ধ হয়। এতে ৮ ব্যক্তি আহত হয়।

আজ ওসমানী মেডিক্যাল কলেজে ক্লাস হয়নি।

স্থানীয় এমপি খোন্দকার আবদুল মালিককে চেয়ারম্যান করে একটি কমিটি গঠিত হয়েছে। কমিটির অন্যান্য সদস্য হচ্ছে—ডিসি, এসপি, মেডিক্যাল কলেজের অধ্যক্ষ, ওসমানী হাসপাতালের ডিরেক্টর ও স্থানীয় দুয়জন পৌর কমিশনার। এই কমিটি সোমবারের সংঘর্ষে ব্যবহৃত অস্ত্র উদ্ধারেরও চেষ্টা করবে।

মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে পুলিশের দুটি টহল দল মোতায়েন রয়েছে।

## রিভলবারসহ যুবক গ্রেফতার

মঙ্গলবার রাত ৮টায় সিলেট শহরের ব্রাহ্মণশাসন এলাকা থেকে রিভলবার ও গুলিসহ পুলিশ এক যুবককে গ্রেফতার করেছে।

পুলিশ জানায়, আটক যুবক স্বপন হক চৌধুরী (২০) স্থানীয় অপর এবং অধিবাসী সাহির মিয়াকে গুলি করতে গেলে পাশা তাকে আটক করে পুলিশের হাতে তুলে দেয়। পুলিশ স্বপনের নিকট থেকে একটি ভারতীয় রিভলবার, পাঁচটি ব্যবহৃত গুলির খোসা ও একটি গুলি উদ্ধার করেছে।

এ ব্যাপারে কোতোয়ালী থানায় একটি মামলা হয়েছে।